

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 01-02-2026**

**Time: 07:35-07:40 PM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Budget :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ সংসদে ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন। উল্লেখ্য, গত ২৮ শে জানুয়ারী সংসদের উভয় কক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুরুর ভাষণের মধ্য দিয়ে সংসদের বাজেট অধিবেশন শুরু হয়।

লোকসভায় বাজেট পেশের পর বাজটের একটি অনুলিপি রাজ্যসভায় পেশ করা হবে।

বাজেট প্রস্তুতির পূর্বে, অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে প্রাক বাজেট পরামর্শ বৈঠক করেছেন, যার মধ্যে অর্থনীতিবিদ, ট্রেড ইউনিয়ন, শিক্ষা ও স্বাস্থ্য খাতের প্রতিনিধিরা, (MSME), বাণিজ্য ও সেবা, শিল্প, অর্থ খাত এবং মূলধনী খাত প্রতৃতি ক্ষেত্র অন্তর্ভুক্ত ছিলো। কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিংহও কৃষি এবং গ্রামীণ উন্নয়নের বিভিন্ন দিক নিয়ে ব্যাপক ভাবে প্রাক-বাজেট পরামর্শ সভা করেছেন এবং সুপারিশগুলোর একটি সংকলিত রিপোর্ট অর্থমন্ত্রীর কাছে জমা দিয়েছেন।

\*\*\*\*\*

## **P.M.Visit to Punjab :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ পঞ্জাব সফর করবেন। তিনি, শিথ গুরু রবিদাসের ৬৪৯তম জন্মবার্ষিকী উদযাপনে অংশ নেবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পাঞ্জাবের আদমপুর বিমানবন্দর পরিদর্শন করবেন, যেখানে তিনি বিমানবন্দরের নতুন নাম 'শ্রী গুরু রবিদাস জি বিমানবন্দর, আদমপুরের উন্মোচন করবেন। প্রধানমন্ত্রী কার্যালয় জানিয়েছে যে আদমপুর বিমানবন্দরকে পুনঃনামকরণ করা হয়েছে প্রিয় সাধু ও সামাজিক সংস্কারককে সম্মান জানাতে, যাঁর সমতার, সহানুভূতির এবং মানব মর্যাদার শিক্ষা ভারতের সামাজিক নীতিকে অনুপ্রাণিত করে চলেছে।

প্রধানমন্ত্রী লুধিয়ানার হলওয়ারা বিমানবন্দরে নতুন টার্মিনাল বিল্ডিংও উদ্বোধন করবেন।

\*\*\*\*\*

## **CM :**

মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা বলেছেন, শিক্ষা, সংস্কৃতি, খেলাধুলা ও শিল্প বাণিজ্য সহ সবক্ষেত্রে রাজ্যকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে কাজ করছে সরকার। গতকাল দক্ষিণ জেলায় ৫৮ কোটি ৭৮ লক্ষ টাকা ব্যয়ে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করে মুখ্যমন্ত্রী একথা বলেন প্রথমে বিলোনীয়া মহকুমার রাজনগর রাকের নীহারনগর দ্বাদশ স্কুল, ঘোষ খামার দ্বাদশ স্কুল, বিলোনীয়া ইংরেজী মাধ্যম দ্বাদশ স্কুলের নবনির্মিত পাকাবাড়িরও ভার্চুয়াল মাধ্যমে দ্বারোদ্ধাটন করেন তিনি। মুখ্যমন্ত্রী বিলোনিয়ায় ইন্ডোর ট্রিকেট অনুশীলন শেডের উদ্বোধন

করেন। একই সঙ্গে তিনি জিরানীয়া ও কৈলাশহর ট্রিকেট অনুশীলন শেডের ভার্চুয়াল উদ্বোধন করেন। এই উপলক্ষে কৈলাশহরে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়।

বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে দক্ষিণ জেলা প্রশাসন আয়োজিত সাউথ ট্রিপুরা প্রিমিয়ার লীগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচেরও সূচনা করেন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*

### **Job Fair :**

গ্লাশনাল কেরিয়ার সার্ভিসের উদ্দেয়াগে গতকাল আগরতলার অফিস লেনে জব ফেয়ার অনুষ্ঠিত হয়। মোট ১৬৮টি পদের জন্য সাক্ষাৎকার নেওয়া হয়। বহিঃরাজ্য সহ মোট ১৮টি সংস্থা এই জব ফেয়ারে অংশ নেয়।

\*\*\*\*\*

### **Governor :**

ট্রিপুরা সফররত বিহার এবং গুজরাটের ছাত্রছাত্রীরা গতকাল লোক ভবনে রাজ্যপাল ইন্সেনা রেজিড নাল্লুর সঙ্গে সাক্ষাৎ করেন। অষ্টলক্ষ্মী দর্শন ইয়ুথ একাচেঞ্জ প্রোগ্রামে এই ছাত্রছাত্রীরা ট্রিপুরা সফরে এসেছে। ট্রিপুরার ইতিহাস, প্রতিহ্য ও সংস্কৃতি বিষয়ে তাদের বিস্তারিত অবহিত করেন রাজ্যপাল। বিকশিত ভারত কর্মসূচিতে তাদের সক্রিয় অংশগ্রহণের জন্য রাজ্যপাল ছাত্রছাত্রীদের পরামর্শ দেন। উপস্থিত ছিলেন আগরতলা এনআইটি'র অধিকর্তা ড. শরৎ কুমার পাত্রা এবং অন্যান্য অধ্যাপক অধ্যাপিকাগণ।

\*\*\*\*\*

## Road Safety:

খোয়াই জেলা পরিবহন দপ্তরের উদ্যোগে গতকাল খোয়াই বি-আর-সি হলে জাতীয় সড়ক সুরক্ষা মাসের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ, জেলা পুলিশ সুপার রানাদিত্য দাস, জিলা পরিষদের সদস্য অনুকূল দাস। জেলা পুলিশ সুপার সমস্ত যানবাহন চালকদের সর্ত্তকতা বজায় রেখে যানবাহন চালানোর পরামর্শ দেন। অনুষ্ঠানে কয়েকজন যান চালককে সম্মানিত করা হয়।

\*\*\*\*\*

## PIB:

ভোগ্তা মূল্য সূচক বা সিপিআই থেকে খাদ্য ও শিক্ষা খাত বাদ দেওয়া হয়েছে বলে সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া দাবি সম্পূর্ণ ভুয়ো বলে জানিয়েছে ভারত সরকার।

প্রেস ইনফরমেশন ব্যরোর ফ্যাক্ট চেক ইউনিট জানিয়েছে, খাদ্য ও শিক্ষা এখনও সিপিআই এর অন্তর্ভুক্ত রয়েছে। সরকার নগরিকদের কোনও তথ্য শেয়ার করার আগে তা যাচাই করার এবং শুধুমাত্র সরকারি সূত্রের উপর নির্ভর করার অনুরোধ করেছে।

পিআইবি জানিয়েছে, সরকারের সঙ্গে সম্পর্কিত যেকোনও সন্দেহজনক তথ্য [factcheck@pib.gov.in](mailto:factcheck@pib.gov.in) ই-মেইলে পাঠাতে হবে।

\*\*\*\*\*

## **Sampurnata Abhijan 2.0- Dhalai :**

ধলাই জেলা শাসকের কনফারেন্স হলে গতকাল এসপিরেশনাল জেলা ও এসপিরেশনাল ব্লক কর্মসূচির অধীনে নীতি আয়োগের সম্পূর্ণতা দ্বিতীয় পর্যায়ের অভিযানের সূচনা করেন ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্থিতা দাস। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার সকল অংশের মানুষের কল্যাণার্থে কাজ করে চলেছেন। এই সম্পূর্ণতা অভিযানের মাধ্যমে লক্ষ্যমাত্রা বাস্তবায়নের মধ্য দিয়ে মানুষের কাছে পরিষেবা পৌঁছানোর আহ্বান জানান। উপস্থিতি ছিলেন জেলাশাসক বিবেক এইচ.বি. অতিরিক্ত জেলা শাসক পার্থ দাস সহ বিভিন্ন স্তরের জনপ্রতিনিধি ও জেলা আধিকারিকগণ।

\*\*\*\*\*

## **Padmajang Football :**

ঢাক্কা মন্ত্রী টিংকু রায় গতকাল সন্ধ্যায় কৈলাশহর কলেজ স্টেডিয়ামে গ্রিতিহবাহী জেনারেল পদ্মাজৎ স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করেন। উপস্থিতি ছিলেন, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, যুব বিষয়ক ও ঢাক্কা দপ্তরের সচিব ডঃ পি.কে. চক্রবর্তী, ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের সভাপতি প্রণব সরকার, উনকোটি ও উত্তর ত্রিপুরা জেলার জিলা সভাধিপতিগণ উদ্বোধনী দিনে পশ্চিমবঙ্গ মহিলা দল ও ত্রিপুরা মহিলা দলের মধ্যে বন্ধুত্বপূর্ণ ম্যাচ অনুষ্ঠিত হয়। দীর্ঘ নয় বছর পর কৈলাশহরে এই টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে আর্কননীয় লেজার ও সাউন্ড প্রদর্শন ছাড়াও ছিল বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান। এই টুর্নামেন্টে মোট ষোলটি দল অংশগ্রহণ করবে।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সবনিম্ন তাপমাত্রা ছিল ১২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*

